

সুযোগ বিহীন সীমিত ইংরেজী জ্ঞান সম্পন্ন নিউ ইয়র্ক
সিটি হাউজিং অথরিটি'র ভাড়াটেকারদের জন্য

ভাষাগত সহায়তা সুবিধা বাড়ানো প্রয়োজন

নির্বাহী সারসংক্ষেপ

통역하죠! 통역하죠!

翻譯服務是我們的基本人權

আমরা বাংলা ভাষায় সেবা চাই

সিএএএভি: এশিয়ান কমিউনিটিকে সংগঠিত করার দায়িত্বে নিয়োজিত সংগঠন
আরবান জাস্টিস সেন্টার-এর কমিউনিটি ডেভেলোপমেন্ট প্রজেক্ট

সুযোগ বিহীন সীমিত ইংরেজী জ্ঞান সম্পন্ন নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি'র ভাড়াটেকারদের জন্য ভাষাগত সহায়তা সুবিধা বাড়ানো প্রয়োজন

নির্বাহী সারসংক্ষেপ:

নিউ ইয়র্কের ৪০০,০০০ এর বেশী অধিবাসী নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি (এনওয়াইসিএইচএ) পরিচালিত সরকারি আবাসিক প্রকল্পে বসবাস করেন। তাদের জন্য এনওয়াইসিএইচএ হচ্ছে সম্পত্তির ব্যবস্থাপক, বাড়ির মালিক ও তদারককারী। এনওয়াইসিএইচএ'র ব্যবস্থাপনা ও কর্মচারীরা বাড়ির মেরামত কাজ, ভাড়া আদায়, প্রয়োজনীয় তথ্য সরবরাহ এবং অন্যান্য বিষয়ের জন্য দায়িত্বশীল।

এনওয়াইসিএইচএ'র যেসব ভাড়াটের ইংরেজি জ্ঞান সীমিত, তাদের ক্ষেত্রে বাড়ি সংক্রান্ত নীতিমালা ও প্রক্রিয়া বুঝা এবং বাড়ির সঙ্গে সংশ্লিষ্ট কাগজপত্র পূরণ করার মতো বিষয়গুলোর মোকাবেলা সমস্যাপূর্ণ হতে পারে। ভাষা না জানার কারণে অনেক গুরুতর পরিস্থিতির উদ্ভব হতে পারে। যেসব ভাড়াটের ভাড়া ক্রটিপূর্ণভাবে বৃদ্ধি করা হয়েছে, তারা এই ক্রটি সংশোধন করার জন্য এনওয়াইসিএইচএ'র সাথে যথাসময়ে যোগাযোগ করতে সক্ষম না হওয়ায় ভাড়া পরিশোধ না করতে পারার কারণে তাদের বিরুদ্ধে হয়তো হাউজিং কোর্টে মামলা দায়ের করা হয়েছে। ভাড়াটেরকে হয়তো তাদের সমস্যা সমাধানের উদ্যোগ হিসেবে বার বার সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে বৈঠকের সময় নির্ধারণ করতে হয়, যে কারণে তারা কাজ থেকে ছুটি নিতে বাধ্য হন। পারিবারিক সহিংসতার শিকার হয়ে যাদের জরুরী ভিত্তিতে আবাসিক স্থানান্তরের প্রয়োজন, ভাষাগত সমস্যার কারণে তারা হয়তো তাদের প্রয়োজনের কথা জানাতে সক্ষম হন না। ভাষা না জানার কারণে বাড়ির মেরামতের সময়ে ভাড়াটেকারদের অ্যাপার্টমেন্টের নিরাপত্তা মারাত্মকভাবে বিঘ্নিত হতে পারে। আপদকালীন জরুরী নিয়মাবলীর মতো বাড়ির গুরুত্বপূর্ণ তথ্যগুলো অনুবাদ করে বুঝিয়ে না দেয়ার কারণে সেসব তথ্য হয়তো ভাড়াটেকারদের কাছে পৌঁছে না। ভাষাগত সমস্যায় ভাড়াটেরা বাড়ি সম্পর্কে তাদের প্রাথমিক সমস্যা নিয়ে এনওয়াইসিএইচএ'র কর্মচারীদের সাথে মতবিনিময়ে বাধা সৃষ্টি করে এবং এনওয়াইসিএইচএ কমিউনিটিতে অর্থবহভাবে অংশগ্রহণ করতে পারেন না, স্থায়ীভাবে বিচ্ছিন্ন থেকে যান।

এনওয়াইসিএইচএ'র যেসব ভাড়াটের ইংরেজি জ্ঞান সীমিত, তাদের ক্ষেত্রে বাড়ি সংক্রান্ত নীতিমালা ও প্রক্রিয়া বুঝা এবং বাড়ির সঙ্গে সংশ্লিষ্ট কাগজপত্র পূরণ করার মতো বিষয়গুলোর মোকাবেলা সমস্যাপূর্ণ হতে পারে। ভাষা না জানার কারণে অনেক গুরুতর পরিস্থিতির উদ্ভব হতে পারে। যেসব ভাড়াটের ভাড়া ক্রটিপূর্ণভাবে বৃদ্ধি করা হয়েছে, তারা এই ক্রটি সংশোধন করার জন্য এনওয়াইসিএইচএ'র সাথে যথাসময়ে যোগাযোগ করতে সক্ষম না হওয়ায় ভাড়া পরিশোধ না করতে পারার কারণে তাদের বিরুদ্ধে হয়তো হাউজিং কোর্টে মামলা দায়ের করা হয়েছে। ভাড়াটেরকে হয়তো তাদের সমস্যা সমাধানের উদ্যোগ হিসেবে বার বার সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে বৈঠকের সময় নির্ধারণ করতে হয়, যে কারণে তারা কাজ থেকে ছুটি নিতে বাধ্য হন। পারিবারিক সহিংসতার শিকার হয়ে যাদের জরুরী ভিত্তিতে আবাসিক স্থানান্তরের প্রয়োজন, ভাষাগত সমস্যার কারণে তারা হয়তো তাদের প্রয়োজনের কথা জানাতে সক্ষম হন না। ভাষা না জানার কারণে বাড়ির মেরামতের সময়ে ভাড়াটেকারদের অ্যাপার্টমেন্টের নিরাপত্তা মারাত্মকভাবে বিঘ্নিত হতে পারে। আপদকালীন জরুরী নিয়মাবলীর মতো বাড়ির গুরুত্বপূর্ণ তথ্যগুলো অনুবাদ করে বুঝিয়ে না দেয়ার কারণে সেসব তথ্য হয়তো ভাড়াটেকারদের কাছে পৌঁছে না। ভাষাগত সমস্যায় ভাড়াটেরা বাড়ি সম্পর্কে তাদের প্রাথমিক সমস্যা নিয়ে এনওয়াইসিএইচএ'র কর্মচারীদের সাথে মতবিনিময়ে বাধা সৃষ্টি করে এবং এনওয়াইসিএইচএ কমিউনিটিতে অর্থবহভাবে অংশগ্রহণ করতে পারেন না, স্থায়ীভাবে বিচ্ছিন্ন থেকে যান।

২০১৫ সালের মে মাসে মেয়র বিল ডি ব্লাসিও এবং এনওয়াইসিএইচএ'র চেয়ার ও সিইও শোলা ওলাটোয়ে “নেব্রটজেনারেশনএনওয়াইসিএইচএ” নামে এনওয়াইসিএইচএ'র দশ বছর মেয়াদী এক পরিকল্পনা ঘোষণা করেছেন। পরিকল্পনার ঘোষিত লক্ষ্যের মধ্যে রয়েছে এনওয়াইসিএইচএ'র আর্থিক পরিস্থিতি স্থিতিশীল করা, দক্ষ ও কার্যকর বাড়ি মালিকের মতো আবাসিক ব্যবস্থা পরিচালনা করা, বিদ্যমান বাড়িগুলোর (পুনঃ)নির্মাণ ও সংরক্ষণ করা, বসবাসকারীদের মধ্যে যোগসূত্র স্থাপন ও বিভিন্ন সেবার সাথে যুক্ত করা।” এর ফলে এনওয়াইসিএইচএ'র ভাষাগত সুযোগ-সুবিধার বিষয় ও এ সংক্রান্ত প্রক্রিয়া পর্যালোচনা ও সংস্কারের চমৎকার সুযোগ একটি সৃষ্টি হয়েছে। এনওয়াইসিএইচএ যেহেতু বর্তমান সমস্যাগুলো মোকাবেলা করছে এবং ভবিষ্যতের জন্য পরিকল্পনা করছে, সেক্ষেত্রে সীমিত ইংরেজি জানা ভাড়াটেরা যাতে কিছুতেই এই প্রক্রিয়া থেকে বাদ না পড়ে।”

গবেষণার ফলাফল:

এই গবেষণা পরিচালনার জন্য সিএএভি এনওয়াইসিএইচএ'র ১৪টি আবাসিক প্রকল্পের ২২১ জন ভাড়াটের উপর জরিপ করে। জরিপের উপাত্তের সাথে বিশ্লেষণ করা হয় ফ্রিডম অফ ইনফরমেশন ল (এফওআইএল) অনুযায়ী প্রাপ্ত ডকুমেন্টস, মাধ্যমিক সূত্র, আইনগত ব্যাকগ্রাউন্ড রিসার্চ এবং সীমিত ইংরেজি জ্ঞান সম্পন্ন ভাড়াটেকারদের সাক্ষাতকার। গবেষণার গুরুত্বপূর্ণ ফলাফলের মধ্যে রয়েছে:

১. এনওয়াইসিএইচএ অধিকাংশ সীমিত ইংরেজি জানা (এলইপি) এশিয়ান ভাড়াটেকারদের ভাষা বুঝার সুবিধা প্রদান করছে না, যাদের এসার্ভিসের প্রয়োজন রয়েছে।

- যেসব ভাড়াটের উপর জরিপ চালানো হয়েছে, বিগত তিন বছরের মধ্যে যাদের দোভাষীর প্রয়োজন ছিল, তাদের মধ্যে মাত্র ৪০ শতাংশ ভাড়াটে এনওয়াইসিএইচএ এর অনুরোধ সেবা কার্যক্রমের সাথে সংযুক্ত হতে পেরেছে।
- যাদের বাড়ি বিষয়ক কোন ডকুমেন্টের লিখিত অনুবাদের প্রয়োজন ছিল তাদের মধ্যে প্রতি ৫ জনের ১ জনেরও কম (১৮%) এনওয়াইসিএইচএ এর অনুরোধ সেবা কার্যক্রমের সাথে সংযুক্ত হতে পেরেছে।

২. পরিবার ও বন্ধুরা শূণ্যস্থান পূরণ করছে:

অনানুষ্ঠানিক বা অপ্রাতিষ্ঠানিক দোভাষী ও অনুবাদ সুবিধা (পরিবারের সদস্য, সন্তান বা বন্ধুবান্ধব) গ্রহণকে এনওয়াইসিএইচএ নিরুৎসাহিত করার নীতি থাকা সত্ত্বেও, বাস্তবে ভাড়াটীদের পরিবার ও বন্ধুদের উপর নির্ভর করতে হয়।

- ইংরেজি ভাষী নয় এমন ৮৬ শতাংশ ভাড়াটে, তাদের লিখিত অনুবাদের জন্য এমন কাউকে অনুরোধ
○ এসব ভাড়াটের মধ্যে ৬৬% অনুবাদের জন্য পরিবারের কোন সদস্য এবং ২১% কোন বন্ধুকে অনুরোধ জানায়। এবং সেজন্য কাউকে অনুরোধ করেন যিনি এনওয়াইসিএইচএ'র সাথে দোভাষী হিসেবে কাজ করেন না।
- একইভাবে ইংরেজি ভাষী নয় এমন ৭৪% ভাড়াটে যাদের সরাসরি দোভাষী সুবিধার প্রয়োজন পড়ে করেন যিনি অনুবাদ সংক্রান্ত কোন বিষয়ে এনওয়াইসিএইচএ'র সাথে কাজ করেন না।
○ এসব ভাড়াটের মধ্যে ৭১% দোভাষী সুবিধার জন্য পরিবারের কোন সদস্য এবং ২০% কোন বন্ধুকে অনুরোধ জানায়।

৩. ভাড়াটীদের মধ্যে কাদের ভাষাগত সহযোগিতা প্রয়োজন এনওয়াইসিএইচএ তাদেরকে বিশেষভাবে চিহ্নিত বা সনাক্ত করে না।

- ভাষাগত সুবিধার প্রয়োজন আছে কিনা তা জানার জন্য ভাড়াটীদের উপর এনওয়াইসিএইচএ ব্যাপকভিত্তিক কোন জরিপ চালায়নি।
- এনওয়াইসিএইচএ'র কর্মচারীদের দ্বারা ভাড়াটীদের ভাষাভিত্তিক সনাক্তকরণ কার্ড ব্যবহারের বিষয় নির্ধারিত থাকলেও সীমিত ইংরেজি জানা এশিয়ান ভাড়াটীদেরকে তা দেয় হয় না: ৯০% এর অধিক সংখ্যক ইংরেজি না জানা ভাড়াটেকে এ ধরনের কোন কার্ড দেয়া হয়নি।

৪. এনওয়াইসিএইচএ সীমিত ইংরেজি জ্ঞানসম্পন্ন এশিয়ান ভাড়াটীদেরকে ভাষাগত সেবা প্রদানের সুযোগ সম্পর্কে কার্যকরভাবে অবহিত করে না।

- এনওয়াইসিএইচএ'র ভাষাগত সেবা প্রদান সম্পর্কিত বিজ্ঞাপনের ক্ষেত্র খুবই সীমিত। অধিকাংশ বিজ্ঞাপন দেয়া হয় মাত্র তিনটি ভাষায় (স্প্যানিশ, চাইনিজ ও রাশিয়ান) এবং অনেক সময় শুধু স্প্যানিশে। এই বিজ্ঞাপনগুলোও যথেষ্ট প্রচার লাভ করে না।

৫. এনওয়াইসিএইচএ'র কাষ্টমার কন্টাক্ট সেন্টার (সিসিসি) এবং মেরামত প্রক্রিয়া সীমিত ইংরেজি জ্ঞানসম্পন্ন এশিয়ান ভাড়াটীদের আওতা বহির্ভূত।^১

- ইংরেজি ভাষী নন এমন ভাড়াটীদের প্রতি তিনজনের মধ্যে প্রায় একজন (৩১%) জানিয়েছেন যে, এমন একটি সময় ছিল যখন তারা কাষ্টমার কন্টাক্ট সেন্টারের মাধ্যমে মেরামত কাজ না করানোর সিদ্ধান্ত নিয়েছিলেন, কারণ তারা ভাবতে পারেননি যে, তাদের ভাষায় কথা বলে এমন কারো সঙ্গে কথা বলতে পারবেন।
- ইংরেজি ভাষী নন এমন ভাড়াটীদের মধ্যে যারা কাষ্টমার কন্টাক্ট সেন্টারে কোন মেরামত কাজের জন্য ফোন করেছেন, তাদের ৭০% এর অধিক তাদের ভাষায় কথা বলে এমন কারো সাথে কথা বলতে পারেননি।
- ইংরেজি ভাষী নন এমন ভাড়াটীদের মধ্যে যাদেরকে তাদের অ্যাপার্টমেন্টের মেরামত করার সাথে সংশ্লিষ্ট কোনকিছুতে স্বাক্ষর করতে বলা হলে ৯২% ক্ষেত্রে তাদের ভাষায় লিখিত নয় মেরামত সংক্রান্ত এমন কাগজপত্র স্বাক্ষর করতে বলা হয়।

৬. এনওয়াইসিএইচএ'র ভাষাগত সেবা প্রদানকারী কর্মচারি সংখ্যা সীমিত ইংরেজি জ্ঞানসম্পন্ন এশিয়ান ভাড়াটীদের চাহিদা পূরণের জন্য যথেষ্ট নয়।

- ভাষাগত সেবা দেয়ার জন্য এনওয়াইসিএইচএ'র কর্মচারি সংখ্যা খুবই সীমিত --- এনওয়াইসিএইচএ'র আবাসিক প্রকল্পগুলোতে বসবাসকারী পুরো জনসংখ্যার (৪০০,০০০ এর অধিক) জন্য মাত্র ছয় জন। তাদের মধ্যে মাত্র দু'জন একটি এশিয়ান ভাষায় কথা বলে (ক্যান্টোনিজ ও ম্যান্ডারিন)।
- এনওয়াইসিএইচএ ভাষাগত সেবা প্রদানের জন্য তাদের কর্মচারীদের মধ্য থেকে ভলান্টিয়ারের উপর নির্ভর করে। কিন্তু এই ভলান্টিয়ারদের তালিকায় এশিয়ান ভাষাগুলোর প্রতিনিধিত্ব যথেষ্ট নয়। তাছাড়া কর্মচারীদের মধ্য থেকে নিয়মিত কাজের বাইরে ভলান্টিয়ারের অতিরিক্ত কর্তব্য পালন প্রশংসীয় হলেও ভাড়াটীদের চাহিদার সম্পূর্ণ পূরণে ভলান্টিয়ার সার্ভিস কাক্ষিত কোন উপায় নয়।

১. এখানে উল্লেখ করা প্রয়োজন যে, দি ব্লাসিও প্রশাসন কর্তৃক এনওয়াইসিএইচএ-এর সংস্কারের ব্যাপারে আলোচনা মধ্যে কন্টাক্ট সেন্টারটি বন্ধ করে তার পরিবর্তে মেরামতের অনুরোধগুলো সিটি'র ৩১১ পদ্ধতির সাহায্যে পরিচালনার প্রস্তাবনা রয়েছে। এরকম যদি পরিবর্তন হয় তাহলে, কাষ্টমার কন্টাক্ট সেন্টারটি সম্পর্কে সবধরনের গবেষণার ফলাফল এবং সুপারিশ ৩১১ এর পদ্ধতিতে ব্যবহার করা নিশ্চিত করতে হবে, যাতে সীমিত ইংরেজী জানা ভাড়াটেরা অর্থবহ সুবিধা পেয়ে থাকে।

৭. ভাষাগত সেবা প্রদান সম্পর্কে ভাড়াটীদের নিকট থেকে পরামর্শ গ্রহণ, মূল্যায়ন অথবা সেগুলোকে কাজে লাগানোর কোন ব্যবস্থা এনওয়াইসিএইচএ'র নেই।

- ইংরেজি ভাষী নন জরীপকৃত এমন ৬৭% এর অধিক সংখ্যক ভাড়াটে বিশ্বাস করেন না যে, তাদের নিজস্ব ভাষায় যোগসূত্র স্থাপনের জন্য এনওয়াইসিএইচএ উপযুক্ত কোন পদক্ষেপ গ্রহণ করেছে। বর্তমানে সীমিত ইংরেজি জ্ঞানসম্পন্ন ভাড়াটীদের নিকট থেকে পরামর্শ গ্রহণ, মূল্যায়ন অথবা সেগুলোকে কাজে লাগানোর কোন ব্যবস্থা এনওয়াইসিএইচএ'র নেই।

সুপারিশ:

২ নির্বাহী সারসংক্ষেপ

ভাড়াটের ভাষাগত সেবা লাভের বিষয়ের সাথে বাড়ি সম্পর্কে গুরুত্বপূর্ণ দিকগুলো জানার বিষয় জড়িত এবং এসব বিষয় তাদের স্বাস্থ্য, নিরাপত্তা, তাদের বাড়ির স্থিতিশীলতা এবং এনওয়াইসিএইচএ কমিউনিটির সাথে একাত্মবোধ করার বিষয়গুলোকে প্রভাবিত করতে পারে। আমাদের গবেষণায় দেখা গেছে যে, ভাষাগত সেবা প্রদানে ঘাটতি রয়েছে এবং এর ফলে ভাড়াটেরা দুর্ভোগের কবলে পড়ছে। এখানে গুরুত্বপূর্ণ সুপারিশগুলো তুলে ধরা হলো, যার বিস্তারিত পূর্ণাঙ্গ রিপোর্টে সন্নিবেশিত হয়েছে।

আমরা এনওয়াইসিএইচএ'র প্রতি আহ্বান জানাচ্ছি:

ব্যাপকভিত্তিক মূল্যায়ন এবং সীমিত ইংরেজি জানা লোকদের সনাক্ত করতে

- সীমিত ইংরেজি জানা লোকদের সনাক্ত করে তাদেরকে তালিকাভুক্ত করতে এনওয়াইসিএইচএ'র ভাড়াটেরদের ভাষার উপর ব্যাপক জরিপ পরিচালনা এবং সীমিত ইংরেজি জানা ভাড়াটের ভাষাগত সেবার প্রয়োজনের উপর একটি কেন্দ্রীয় ডাটাবেজ তৈরী করা।

ভাষাগত সেবাগুলো সম্পর্কে ভাড়াটেরদেরকে অবগত করা

- ভাষাগত সেবা প্রদান সম্পর্কিত তথ্য ব্যাপকভাবে জানাতে হবে এবং ভাড়াটেরা যে ভাষাগুলোতে
- ভাড়াটেরদের মধ্যে কারো যদি তাদের প্রাথমিক ভাষায় শিক্ষার পর্যায় নিচু হয়, তাহলে কথা বলেন সেসব ভাষায় প্রাপ্ত সেবা সম্পর্কে তথ্য জানানোর বিষয়ও নিশ্চিত করতে হবে। এনওয়াইসিএইচএ'র নীতিমালা ও সেবা সম্পর্কে তাদেরকে জানানোর কৌশল বের করতে হবে।

সুনির্দিষ্ট ও সুসংখ্যক পদ্ধতির মাধ্যমে উচ্চ মানের পেশাদার ভাষাগত সেবা প্রদানের ব্যবস্থা

- যখনই সম্ভব ভাষাগত সেবা প্রদানের প্রয়োজনীয় বাস্তবভিত্তিক ব্যবস্থা গ্রহণ
- যেসব কাগজপত্রে ভাড়াটেরদেরকে স্বাক্ষর দিতে হয় সেসব কাগজপত্র, সকল ফরম ও তথ্যমূলক প্রকাশনা
- ইংরেজি ভাষী নয় এমন লোকজন যদি কাষ্টমার কন্টাক্ট সেন্টার-এ কল করেন এবং মেরামতের প্রয়োজন
- সীমিত ইংরেজি জানা ভাড়াটের কাছে যাতে মেরামত গ্রহণ প্রক্রিয়াটি সহজ ও উন্মুক্ত থাকে সীমিত ইংরেজি জ্ঞানসম্পন্ন ভাড়াটেরা যে ভাষায় কথা বলে সেই ভাষাগুলোতে অনুবাদের ব্যবস্থা করে ভাষাগত সেবাদানের বিষয়কে সুসংখ্যকভাবে সাজানো এবং যে ভাষায় ভাড়াটেরা কথা বলেন, সেই ভাষা ভিত্তিক অফিস সময় নির্ধারণ করা। হলে কলটি যদি ৩১১ নম্বরে পাঠানো হয়, তাহলে তারা যেন সঠিক নির্দেশনা পায় তা নিশ্চিত করতে হবে। তা নিশ্চিত করতে হবে।

ভাড়াটে কমিউনিটির মূল জায়গা কমিউনিটি সেন্টার ও ভাড়াটে সমিতি-তে ভাষাগত সেবা নিশ্চিত করতে হবে

- এনওয়াইসিএইচএ'র কমিউনিটি সেন্টার ও ভাড়াটে সমিতি-তে সম্প্রসারিত ভাষাগত সেবা প্রদান কার্যক্রমের ব্যবস্থা করা।

ভাষাগত সেবা প্রদান কার্যক্রম যাতে যথাযথ সুযোগ-সুবিধা পায় তা নিশ্চিত করা

- ভাষাগত সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় জনবলসহ অন্যান্য সুযোগ নিশ্চিত করা, যার মধ্যে রয়েছে:
 - ভাড়াটেরদের প্রয়োজন পূরণের জন্য ভাষা সেবা ইউনিটে জনবল বৃদ্ধি
 - ভাষাগত সেবা প্রদান কার্যক্রমের উন্নয়নের জন্য যথেষ্ট পরিমাণ সুযোগ-সুবিধা সনাক্ত এবং তা বরাদ্দ করা
 - সিনিয়র সার্ভিস, শারীরিক প্রতিবন্ধীদের জন্য সেবা এবং এনওয়াইসিএইচএ'-এর অন্যান্য সেবাগুলোতে পর্যাণ্ডভাবে সমৃদ্ধশালী ও ভাষাগত সেবা প্রদানের জন্য সুসজ্জিত, এটা নিশ্চিত করা।
 - ভাড়াটে সমিতি এবং কমিউনিটি সেন্টারগুলোর উন্নয়নের লক্ষ্যে দোভাষী ও অনুবাদের জন্য সম্পূরক অর্থায়নের ব্যবস্থা থাকা উচিত, যেখানে ১০% এর অধিক বাসিন্দা ইংরেজিতে স্বচ্ছন্দ নয়।

গুণমান, ভাড়াটেরদের পরামর্শ গ্রহণ ও ভাষাগত সেবা প্রদানের উপর সম্মিলিত মূল্যায়নের জন্য একটি সুস্পষ্ট পদ্ধতি নিশ্চিত করা

- এনওয়াইসিএইচএ'র ভাষাগত সেবার পরিকল্পনা সময়োপযোগীকরণ ও প্রকাশ
- ৩১১ ফোন নম্বরের নতুন ভাষাগত সেবা সম্পর্কিত অভিযোগ করার ব্যবস্থা ব্যাপকভাবে প্রচার
- ভাষাগত সেবা প্রদানের ব্যবস্থার মূল্যায়ন ও উন্নয়নের জন্য ভাড়াটে ও কমিউনিটি গ্রুপগুলোকে সম্পৃক্তকরণ।

পাদটীকা:

১. নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটি ওয়েবসাইট: (New York City Housing Authority Website. "About NYCHA.")
<http://www.nyc.gov/html/nycha/html/about/factsheet.shtml> (06/03/2015 Zvwi+L msM,,wnZ)
২. নিউ ইয়র্ক সিটি মেয়র অফিসের ওয়েবসাইট: (The Official Website of the City of New York, Office of the Mayor. "De Blasio Administration Unveils 'NextGeneration NYCHA': A Comprehensive Plan to Secure the Future of City Public Housing.")
<http://www1.nyc.gov/office-of-the-mayor/news/325-15/de-blasio-administration-nextgeneration-nycha--comprehensive-plan-secure-future#0> (06/03/2015 তারিখে সংগৃহীত)
৩. নিউ ইয়র্ক সিটি মেয়র অফিসের ওয়েবসাইট "নেক্সটজেনারেশন এনওয়াইসিএইচএ": The Official Website of the City of New York, Office of the Mayor. "Next Generation NYCHA."
<http://www1.nyc.gov/assets/nycha/downloads/pdf/nextgen-nycha-web.pdf> (06/03/2015 তারিখে সংগৃহীত)

প্রকাশকদের সম্পর্কে তথ্য



সিএএএভি: এশিয়ান কমিউনিটিকে সংগঠিত করার দায়িত্বে নিয়োজিত সংগঠন

সিএএএভি নিউ ইয়র্ক সিটির তৃণমূল পর্যায়ে দরিদ্র কর্মজীবী এশিয়ান অভিবাসী ও রিফিউজি কমিউনিটির ক্ষমতায়নের জন্য কাজ করে যাচ্ছে। পাঁচটি মূল বৈশিষ্ট্যের ভিত্তিতে গঠিত একটি সংগঠন মডেলের মাধ্যমে- সিএএএভি প্রাতিষ্ঠানিক পরিবর্তন আনার লক্ষ্যে এবং জাতিগত, লিঙ্গ বৈষম্য ও অর্থনৈতিক সাম্য প্রতিষ্ঠার জন্য কমিউনিটিকে ব্যাপকভিত্তিক আন্দোলনে অংশগ্রহণে উদ্বুদ্ধ করে। যেগুলো হচ্ছে- জনভিত্তি গঠন, নেতৃত্বের উন্নয়ন, সংগঠিত প্রচার কার্যক্রম, জোট ও সাংগঠনিক উন্নয়ন।

URBAN
JUSTICE
CENTER



COMMUNITY DEVELOPMENT PROJECT

আরবান জাস্টিস সেন্টার-এর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট

আরবাস জাস্টিস সেন্টার-এর কমিউনিটি ডেভেলপমেন্ট (সিডিপি) প্রজেক্ট নিউ ইয়র্ক সিটির স্বল্প আয়বিশিষ্ট ও অন্যান্য পিছিয়ে পড়া কমিউনিটিগুলোর তৃণমূল সংগঠনগুলো ও তাদের কার্যক্রমকে জোরদার করতে কাজ করছে। আমরা কমিউনিটি সংগঠনগুলোর আইনগত মামলায় বিজয়ী হওয়ার জন্য সহযোগিতা, কমিউনিটি পরিচালিত গবেষণা রিপোর্ট প্রকাশ, নতুন সংগঠন ও সমবায় প্রতিষ্ঠায় সহযোগিতা এবং সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় সহযোগিতা করতে কারিগরি ও আর্থিক সহযোগিতা প্রদান করি।